

## প্রশ্ন:- কমেডি ও প্রহসনের পার্থক্য নির্ণয় করো।

**উত্তর:-** কমেডি ও প্রহসন এই পৃথক দুই সাহিত্য প্রকরণের মূল আধার হলো-হাস্যরস।এদের সম্পর্ক অনেকটা ভাষা-উপভাষার মতো।সমস্ত বৈশিষ্ট্যকে সাথে নিয়েই একে অপরের পৃথক হয়ে যায় সূক্ষ বিশ্লেষণের প্রেক্ষিতে।প্রকৃতিগতভাবে কমেডি ও প্রহসনের পার্থক্য একই রূপরীতির দুটি উপবিভাগের মধ্যকার পার্থক্য।পৃথক পৃথক ভাবে এদের স্বরূপ বিশ্লেষণ করলে নিম্নলিখিত পার্থক্যগুলি নির্ণয় করা যায়-

১) প্রহসন শুধুমাত্র চলমান ও দৃশ্যমান ঘটনার অসংগতি ও বিকৃতিকে অবলম্বন করে।কিন্তু উচ্চাঙ্গের কমেডি চলমান ও ঘটমান পরিস্থিতি নির্ভর।

২) প্রহসনের বিচরণ সমাজ উপকরণের,যাপন-প্রণালীর বাহ্যিক আবরণের সাথে হাত ধরে।কোনো গভীরতম জীবন সমস্যা নিয়ে তা মাথা ঘামিয়ে ব্যাকুল হয়ে না।অতল জলরাশির উপরিভাগে দৃশ্যমান ঢেউয়ের মতো।কিন্তু কমেডির বিষয়বস্তুর পরিমণ্ডল এই জলরাশির গভীরে।

৩) সমাজ জীবনের বা ব্যক্তি চরিত্রের যে অসংগতি মারাত্মক অপরাধ নয় অথচ নির্বুদ্ধিতা বা অতিমাত্রিকতার পরিচায়ক,প্রহসন তা নিয়ে ব্যঙ্গ করে আমোদ অনুভব করে।তুলনায় কমেডির উপস্থাপনা রীতি অনেকটাই সিরিয়াসধর্মী।

৪) প্রহসনে স্থূল রঙ্গরস ও আতিসয্যুক্ত দৈহিক অঙ্গভঙ্গি অনেক বেশি থাকে যা সর্বদাই দর্শককে উত্তেজনা দিতে চায়।এজাতীয় স্থূল হাস্যরস ও দৈহিক ক্ষেত্রবিশেষে নিম্নরুচির অঙ্গভঙ্গি উচ্চাঙ্গের কমেডিতে বিশেষ থাকে না।

৫) প্রহসনের চরিত্ররা সর্বদাই টাইপধর্মী, বিশেষ শ্রেণি বা গোষ্ঠীর প্রতিনিধি,সাধারণভাবে একমাত্রিক ও নির্দিষ্ট উদ্দেশ্যের দ্বারা নিয়ন্ত্রিত।কমেডির চরিত্ররা তুলনায় অনেক বেশি গভীর,জটিল ও বহু মাত্রিক।

৬) সমকালীন সমাজ,ধর্ম,রাজনীতি ইত্যাদির কুৎসিত ও কলঙ্কময় দিকগুলি খোলাখুলিভাবে প্রহসনে চিত্রিত হয়।ফলে প্রহসনের আখ্যানভাগ বহু আলোচিত ও বিতর্কিত বিষয়ের প্রত্যক্ষ ব্যঙ্গধর্মী উন্মোচনে যতখানি তৎপর থাকে কমেডিতে তেমন দেখা যায় না।

৭) কমেডির মতো পূর্ণ বিশ্বাস প্রহসনে থাকে না।প্রহসন একটি বা দুটি অঙ্কে শেষ হয়ে যায়।বেশিরভাগ ক্ষেত্রে তার বিন্যাস হয় নকাশধর্মী;টুকরো টুকরো চিত্রের মাধ্যমে প্রহসনের কাঠামো গড়ে ওঠে।

৮) নাট্য-দ্রব্ধ প্রহসনের স্বল্প আয়তনের সেভাবে গড়ে উঠতে পারে না বলে চটুল ও চাতুর্যপূর্ণ পরিস্থিতির ওপরেই প্রহসন নির্ভর করে।

৯) প্রহসনের সংলাপ হয় হালকা,কিছুটা অমার্জিতও।কমেডির সংলাপ তুলনায় অনেক বেশি পরিশীলিত।বুদ্ধিদীপ্ত হিউমার কিংবা বাগবৈদগ্ধ প্রদর্শনের সুযোগ প্রহসনে তেমন থাকে না।

১০) প্রহসনের হাসির স্বরূপ 'belly laughs'।কমেডির হাস্যরস অনেক বেশি চিন্তামূলক(thoughtful laughter)।

কমেডি ও প্রহসনের তুলনায় বোঝা যায় বিবর্তনের মধ্য দিয়ে ধীরে ধীরে কমেডি যেভাবে স্বতন্ত্র লাভ করেছে তাতে ফার্স হলো কমেডির একটি স্থূল ও নিম্নমানের রূপ।সেই জন্য কেউ কেউ ফার্সকে অতিরঞ্জিত বা low comedy বলেছেন।শ্রেষ্ঠ কমেডি একেবারে বিপরীত প্রান্তবাসী হলো প্রহসন।

----///----///----///-----///-----